

💵 সুনান আদ-দারাকুতনী

হাদিস নাম্বারঃ ১২৪২

৩. নামায (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৩৫. নামাযের মধ্যে সূরা আল-ফাতিহা পাঠশেষে সশব্দে আমীন বলা

بَابُ التَّأْمِينِ فِي الصَّلَاةِ بَعْدَ فَاتِحَةِ الْكِتَابِ وَالْجَهْرِ بِهَا

আরবী

حَدَّثَنَا يَحْيَى بْنُ مُحَمَّدِ بْنِ صَاعِدِ ، ثَنَا أَبُو الْأَشْعَثِ ، ثَنَا يَزِيدُ بْنُ زُرَيْعٍ ، ثَنَا شُعْبَةُ ، عَنْ عَلْقَمَةَ ، قَالَ : ثَنَا وَائِلٌ أَوْ عَنْ وَائِلِ بْنِ سَلَمَةَ بْنِ كُهَيْلٍ ، عَنْ حُجْرٍ أَبِي الْعَنْبَسِ ، عَنْ عَلْقَمَةَ ، قَالَ : ثَنَا وَائِلٌ أَوْ عَنْ وَائِلِ بْنِ حُجْرٍ ، قَالَ صَلَّيْتُ مَعَ رَسُولِ اللَّهِ _ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ _ فَسَمِعْتُهُ حِينَ قَالَ : (عَبْرِ الْمَغْضُوبِ عَلَيْهِمْ وَلَا الضَّالِينَ) ، قَالَ : " آمِينَ " . وَأَخْفَى بِهَا صَوْتَهُ ، وَوَضَعَ يَدَهُ الْيُمْنَى عَلَى الْيُسْرَى ، وَسَلَّمَ عَنْ يَمِينِهِ وَعَنْ شِمَالِهِ ، كَذَا قَالَ شُعْبَةُ : وَأَخْفَى بِهَا صَوْتَهُ ، وَوَضَعَ يَدَهُ ، وَيُقَالُ : إِنَّهُ وَهِمَ فِيهِ ؛ لِأَنَّ سُفْيَانَ التَّوْرِيَّ ، وَمُحَمَّدَ بْنَ سَلَمَةَ بْنِ كُهَيْلٍ وَغَيْرَهُمَا رَوَوْهُ ، وَيُونَ عَنْ شَمَالِهِ ، كَذَا قَالَ شُعْبَةُ : وَأَخْفَى بِهَا صَوْتَهُ ، وَيُقَالُ : إِنَّهُ وَهِمَ فِيهِ ؛ لِأَنَّ سُفْيَانَ التَّوْرِيَّ ، وَمُحَمَّدَ بْنَ سَلَمَةَ بْنِ كُهَيْلٍ وَغَيْرَهُمَا رَوَوْهُ عَنْ سَلَمَةَ ، فَقَالُوا : وَرَفَعَ صَوْتَهُ بِآمِينَ ، وَهُو الصَّوابُ

বাংলা

১২৪২(৪). ইয়াহইয়া ইবনে মুহাম্মাদ ইবনে সায়েদ (রহঃ) ... ওয়াইল ইবনে হুজর (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, আমি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর সাথে নামায পড়েছি। আমি তাকে গায়রিল মাগদুবি আলাইহিম ওয়ালাদদোয়াল্লীন বলার পর অস্পষ্ট স্বরে আমীন' বলতে শুনেছি। তিনি নিজের ডান হাত বাম হাতের উপর রাখলেন এবং নিজের ডানে ও বামে সালাম ফিরালেন। শো'বা (রহঃ)-ও পূর্বোক্ত হাদীসের অনুরূপ বলেন, "এবং তিনি অস্পষ্ট স্বরে আমীন বলেছেন"। কথিত হয়, তিনি এ ব্যাপারে সন্দেহে পড়েছেন। কেননা এই হাদীস সুফিয়ান আস-সাওরী, মুহাম্মাদ ইবনে সালামা ইবনে কুহাইল প্রমুখ সালামা (রহঃ) থেকে বর্ণনা করেছেন এবং তারা বলেছেন, "এবং তিনি উচ্চ স্বরে আমীন বলেছেন" এবং এটাই সঠিক।

হাদিসের মান: তাহকীক অপেক্ষমাণ পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ ওয়ায়িল ইবনু হুজর (রাঃ)



👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন